



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ১২ই এপ্রিল, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান ও পলিটিক্যাল স্টাডিজ বিভাগের পিয়ার রিভিউ শুরু হয়েছে। তিন দিনব্যাপী এ প্রোগ্রামে নৃবিজ্ঞান বিভাগের বিশেষজ্ঞগণ হলেন ড. উষা চন্দ্র (ভারত), প্রফেসর আহমেদ আহসানুজ্জামান, ড. মোঃ আহসান আলী এবং পলিটিক্যাল স্টাডিজ বিভাগের বিশেষজ্ঞগণ হলেন ড. পার্থ সারথি রায় (ভারত), প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম, মোঃ হাবিবুর রহমান।

আজ দ্বিতীয় দিন দুপুর ১২:১৫ ঘটিকায় উপাচার্যের সভা কক্ষে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সঙ্গে নৃবিজ্ঞান ও পলিটিক্যাল স্টাডিজ বিভাগের পিয়ার রিভিউ টিম সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় উপস্থিত ছিলেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস, অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলম, নৃবিজ্ঞান ও পলিটিক্যাল স্টাডিজ বিভাগের সেলফ অ্যাসেসমেন্ট কমিটির সদস্যবৃন্দ।

এ সময় শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, এই বিশ্ববিদ্যালয়ের অনেক সমস্যা আছে। এর অধিকাংশগুলোই মানুষের তৈরি। শাবির প্রধান সমস্যা হল পুরনো কিছু নিয়মনীতির। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে কথা হয়েছে। তারা সমস্যাগুলো সমাধানের আশ্বাস দিয়েছে।

অপরদিকে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে দুইদিন ব্যাপী বিশ্ববিদ্যালয়ের সুশাসন বিষয়ক কর্মশালার দ্বিতীয় দিনে বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানদের নিয়ে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ ঘটিকায় ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সেমিনার কক্ষে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলমের সঞ্চালনায় ও আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাসের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবির মাননীয় উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের বিএমআই এর ব্যবস্থাপনা উপদেষ্টা এম আমিনুর ও শিক্ষা মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব এএস মাহমুদ।

এ সময় শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানদের উদ্দেশ্যে বলেন, বিশ্ববিদ্যালয় ছাত্রদের জন্য। কিন্তু এই বিশ্ববিদ্যালয়কে ভাল কোন জায়গায় নিতে চাইলে প্রধান দায়িত্ব শিক্ষকদের। আমাদের অনেক মেধাবী ছাত্র আছে এবং তাদের বহুমুখী প্রতিভা আছে। আমরা তাদের প্রতিভাকে স্বাগত জানাই। মেধাবীদের সঠিক নির্দেশনা দিতে হবে। তিনি আরও বলেন, শিক্ষকরা গবেষণা করলে তাদেরকে পর্যাপ্ত বাজেট দেওয়া হবে। এই বিশ্ববিদ্যালয়কে সেরা বিশ্ববিদ্যালয় করার জন্য যা যা করা দরকার আপনাদেরকে পাশে নিয়ে আমি সব কাজ করতে তৈরি আছি।

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)

পরিচালক, আইকিউএসি

শাবিপ্রবি, সিলেট-৩১১৪।